# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২১০৬

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ কোন মুসলিমকে ‘কাফের’ বলে ডাকা হারাম

## আরবী

عَنْ أَبِي قِلَابَةَ أَنَّ ثَابِتَ بْنَ الضَّحَّاكِ وَكَانَ مِنْ أَصْحَابِ الشَّجَرَةِ حَدَّثَهُ أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ وَمَنْ قَتَلَ نَفْسَهُ بِشَيْءٍ فِي الدُّنْيَا عُذِّبَ بِهِ يَوْمَ الْقِيَامَةِ وَمَنْ لَعَنَ مُؤْمِنًا فَهُوَ كَقَتْلِهِ وَمَنْ قَذَفَ مُؤْمِنًا بِكُفْرٍ فَهُوَ كَقَتْلِهِ

## বাংলা

(২১০৬) আবূ ক্বিলাবাহ (রহঃ) কর্তৃক বর্ণিত, সাবেত বিন যাহহাক তাঁকে খবর দিয়েছেন যে, তিনি (হুদাইবিয়ার) গাছের নিচে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে বাইআত করেছেন এবং আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ... যে ব্যক্তি যে অস্ত্র দ্বারা আত্মহত্যা করবে, সে ব্যক্তিকে সেই অস্ত্র দ্বারাই কিয়ামতের দিন আযাব ভোগ করানো হবে। যে ব্যক্তি কোন মুমিনকে অভিসম্পাত করবে, তা হবে তাকে হত্যা করার সমান। যে ব্যক্তি কোন মুমিনকে ’কাফের’ বলে অপবাদ দেবে, তা হবে তাকে হত্যা করার সমান (পাপ)।

## ফুটনোট

(বুখারী ৬০৪৭, মুসলিম ৩১৬, আবূ দাউদ ৩২৫৭ নং, নাসাঈ, তিরমিযী)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ কিলাবাহ্ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=65854

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন